

Mahmud  
For signature  
13.08.2016

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর  
সুনামগঞ্জ জেলা, সুনামগঞ্জ।  
E-mail: ee.sunamganj@dphe.gov.bd

স্মারক নং: ৬৩১

তারিখ: ২৩/০৮/২০১৬ খ্রিঃ।

প্রেরক : নির্বাহী প্রকৌশলী  
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর  
সুনামগঞ্জ।

প্রাপক : মেসার্স মোল্লা এন্টারপ্রাইজ  
২৯৭/১, বড় মগবাজার, ঢাকা।

বিষয়: প্যাকেজ নং **WB- 361** এর চুক্তি বাতিলকরণ প্রসঙ্গে।

- সূত্র: ১। অত্র কার্যালয়ের কার্যাদেশ নং- ৭১২, তারিখ: ১৮/০৯/২০১৩ খ্রিঃ।  
২। অত্র কার্যালয় স্মারক নং- ৮৮৫ তারিখ: ১৯/১১/২০১৫ খ্রিঃ।  
৩। অত্র কার্যালয় স্মারক নং- ৩২১ তারিখ: ১০/০৫/২০১৬ খ্রিঃ।  
৪। অত্র কার্যালয় স্মারক নং- ৫৯৫ তারিখ: ১০/০৮/২০১৬ খ্রিঃ।  
৫। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ছাতক উপজেলা কার্যালয় স্মারক নং- ২৮৩, তারিখ: ২৫/০৭/২০১৪ খ্রিঃ।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করে জানানো যাচ্ছে যে, ০১ নং সূত্রে বর্ণিত স্মারক মূলে প্যাকেজ নং **WB- 361** এর আওতায় আপনাকে ৫০ টি **Wash Block** নির্মাণ কাজের কার্যাদেশ প্রদান করা হয়। কাজটি সম্পন্ন করার জন্য আপনাকে ১৮০ দিন সময় দেয়া হলেও দীর্ঘ প্রায় ০৩(তিন) বছর অতিক্রান্ত হলেও অদ্যাবধি পর্যন্ত কাজটি সমাপ্ত করতে পারেননি। তাছাড়া উক্ত কাজ দ্রুত সমাপ্ত করার জন্য সূত্র নং ২ এবং ৫ এর আলোকে চিঠি দেওয়া হয়। তাছাড়া উক্ত প্যাকেজে মোট ৫০ টি ওয়াশ ব্লক এর মধ্যে অদ্যাবধি পর্যন্ত ৩৫ টি ওয়াশব্লকের কাজ ৬০%(প্রায়) সম্পন্ন হয়েছে। আপনার ব্যর্থতার জন্য ফুলের কোমলমতি শিশুসহ অনেক উপকারভোগী নিরাপদ স্যানিটেশনের সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে, সাথে সাথে অত্র দপ্তরের সুনাম ও দারুণভাবে ক্ষুণ্ণ হচ্ছে। বিষয়টি নিয়ে আপনাকে ইতোপূর্বে বারবার তাগদা দেয়া সত্ত্বেও আপনি বিষয়টি আমলে নেননি। প্রকল্পটি বর্তমান অর্থবছরে শেষ হবে। গত ০৯/০৫/২০১৬খ্রিঃ তারিখে প্রকল্প পরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সিলেট আঞ্চলিক সভায় বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সিদ্ধান্ত হয় যে, আপনি আগামী ১৪ দিনের মধ্যে প্যাকেজের সমুদয় কাজ সম্পন্ন করে ফুল কর্তৃপক্ষকে তা বুঝিয়ে দিবেন ও চূড়ান্ত বিল দাখিল করবেন। সে মোতাবেক আপনাকে ২৪/৫/২০১৬ খ্রিঃ তারিখের ভিতর সমুদয় কাজ সম্পন্ন না করলে আঞ্চলিক সভার সিদ্ধান্ত মোতাবেক ৩ নং সূত্রে বর্ণিত স্মারকমূলে আপনার কার্যাদেশ বাতিল কার্যক্রম শুরু হবে মর্মে আপনাকে অবগত করা হয় এবং ৪ নং সূত্রে বর্ণিত স্মারকমূলে কার্যাদেশ বাতিলের প্রক্রিয়ার অংশ হিসেবে আপনার কর্তৃক সম্পাদিত ভৌত কাজের চূড়ান্ত পরিমাপ করণ কাজে আপনি অথবা আপনার একজন প্রতিনিধি উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়েছে। প্রেরিত পত্র চুক্তিকালীন সময়ে প্রদত্ত ঠিকানায় প্রেরণ করা হলে তার কোন প্রতিউত্তর পাওয়া যায়নি।

এ অবস্থায় যেহেতু আপনি ইতোপূর্বে জারীকৃত পত্রসমূহ গ্রহণ করেননি/ প্রতিউত্তর দেননি, অবশিষ্ট কাজসমূহ নির্ধারিত সময়ে শেষ করেননি, কাজ অসমাপ্ত থাকায় কোমলমতি শিশুরা নিরাপদ স্যানিটেশন সুবিধা থেকে বঞ্চিত হয়েছে, কাজটি সমাপ্ত না করায় অত্র অধিদপ্তরের তথা সরকারের সুনাম ক্ষুণ্ণ হচ্ছে। আপনার সাথে সম্পাদিত চুক্তি বাতিল করতে কর্তৃপক্ষের নির্দেশনা রয়েছে তাই বিগত ১৪/০৯/২০১৩ খ্রিঃ তারিখে আপনার সাথে সম্পাদিত চুক্তি নং-05-2013-2014 প্যাকেজ নং **WB- 361** এর চুক্তি অদ্য ২৩/০৮/২০১৬খ্রিঃ তারিখে **General Condition of Contract clause-89, Special Condition of Tender & Contract clause-20** এবং **PPR-2008** এর বিধি-৪২(১) এবং ৪২(২)(ক) মোতাবেক বাতিল করা হলো। এতদসঙ্গে বর্ণিত প্যাকেজে এযাবৎকালে আপনার কর্তৃক সম্পাদিত কাজের পরিমাণের একটি তালিকা প্রেরণ করা হলো।

২৩/০৮/১৬

(প্রকৌঃ মাহবুবুর রহমান)  
নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর  
সুনামগঞ্জ।  
তারিখ: ২৩/০৮/২০১৬ খ্রিঃ।

স্মারক নং: ৬৩১/১(৪)

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থার জন্য অনুলিপি প্রেরিত হলো :-

১। প্রকল্প পরিচালক ও ফোকাল পয়েন্ট (পিইডিপি-৩), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা সদয় অবগতির জন্য।

২। প্রোগ্রামার, এমআইএস ইউনিট, পরিকল্পনা সার্কেল, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা পত্রটি ডিপিএইচই এর ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।

৩। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সুনামগঞ্জ।

৪। সহকারী প্রকৌশলী/ উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ----- উপজেলা, সুনামগঞ্জ।

২৩/০৮/১৬

নির্বাহী প্রকৌশলী  
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সুনামগঞ্জ।

তারিখ: ২৩/০৮/২০১৬ খ্রিঃ।

স্মারক নং: ৬৩১/১(৪)/২(২)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :-

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পূর্ত), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাংলাদেশ সরকার, ঢাকা।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট সার্কেল, সিলেট।

২৩/০৮/১৬

নির্বাহী প্রকৌশলী  
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সুনামগঞ্জ।